

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- জরিপ/শুমারি পরিচালনা জোরদার করা
- জনসংখ্যা, কৃষি, মৎস ও প্রাণিসম্পদ এবং অর্থনৈতি শুমারি ছাড়াও আর্থ-সামাজিক, জনমিতি এবং পরিবেশসহ অন্যান্য বিষয়ে জরিপ পরিচালনা করা।
- জাতীয় হিসাব এবং বিভিন্ন সূচক নিরূপণের পাশাপাশি দেশীয় ও আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ও প্রকাশ করা।
- আন্তর্জাতিক মানদণ্ডে দেশের পরিসংখ্যানের সমন্বিত চাহিদা নিরূপণ, আধুনিক প্রযুক্তি ব্যবহার করে তথ্যসংগ্রহ এবং প্রক্রিয়াকরণ করা।
- জাতীয় পরিসংখ্যান তথ্যভান্ডার (National Statistics Data bank) প্রতিষ্ঠা ও সংরক্ষণ এবং ব্যবহারকারীদের চাহিদা অনুসারে পরিসংখ্যান সরবরাহ করা।
- বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয়, সহযোগিতা ও দিকনির্দেশনা প্রদানের মাধ্যমে প্রমিত পরিসংখ্যান পরিতষ্ঠা করা।
- বিবিএস দেশের সকল খানা (প্রায় ৩.৫ কোটি) হতে সাক্ষাৎকারের মাধ্যমে খানা ও খানা সদস্যগণের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিক তথ্য সংগ্রহকরে খানা ভিত্তিক একটি তথ্যভান্ডার গড়ে তোলার কাজ শুরু হয়েছে। এ ডাটাবেইজে প্রতিটি খানার আর্থ-সামাজিক ও অবস্থার নির্দেশক একটি করে স্কোর প্রদান করা হবে। দেশের প্রায় ১০০টি সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভাগী নির্বাচনে এ ডাটাবেইজ অত্যন্ত সহায়ক হবে। অন্যান্য সেবা ও দ্রুত ও নির্ভুলভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে এ ডাটাবেইজ ব্যবহৃত হবে।
- দেশের প্রত্যেকটি স্থায়ী ব্যবসা-প্রতিষ্ঠানের কিছু গুরুত্বপূর্ণ মৌলিক তথ্যসম্বলিত একটি পূর্ণাঙ্গ কেন্দ্রীভূত তথ্যভান্ডার তৈরীর লক্ষ্যে ইতোমধ্যে বিজনেস রেজিস্টার (Business Register) প্রস্তুত কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এটি দেশের অর্থনৈতিক পরিসংখ্যান প্রণয়নের প্রধান কাঠামো হিসেবে ব্যবহৃত হবে। বিজনেস রেজিস্টারে প্রতিটি প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, আইনগত কাঠামো, কার্যাবলীর ধরণ, নিয়োজিত জনবলের সংখ্যা, বাৎসরিক গড় উৎপাদন, মোট সম্পদের পরিমাণ ইত্যাদি তথ্য থাকবে।